INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

# 'বিতর্ক প্রতিযোগিতা' এর নির্দেশিকা

*পুষ্টি সংবেদনশীল এবং কিশোর-কিশোরী বান্ধব স্থানীয় খাদ্য ব্যবস্থা*

ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) একটি বার্ষিক আন্তর্জাতিক আয়োজন,যেখানে কিশোর -কিশোরীরা এবং তরুণ-তরুণীরা স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস এবং পুষ্টি প্রচারের জন্য উদ্ভাবনী কার্যক্রমের মাধ্যমে তাদের অভিজ্ঞতা শেয়ার করতে পারে, পুষ্টি সম্পর্কিত চ্যালেঞ্জ ও উদ্বেগ প্রকাশ করতে পারে এবং কার্যকর সমাধান খুঁজে পেতে পারে।এটি নেটওয়ার্ক গড়ে তুলতেও সাহায্য করে। ২০১৭ সাল থেকে বিআইআইডি ফাউন্ডেশন বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার সহযোগিতায় নিউট্রিশন অলিম্পিয়াড আয়োজন করে আসছে।পুষ্টি বিষয়ে জাতীয় ও আন্তর্জাতিক লক্ষ্য অর্জনে কিশোর-কিশোরী ও তরুণদের অংশগ্রহণ এবং নেতৃত্ব প্রতিষ্ঠায় ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড কার্যকর ভূমিকা পালন করছে।

আগামী ২৪-২৫ এপ্রিল, ২০২৫ তারিখে ঢাকা,বাংলাদেশে ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড (INO) ২০২৫ অনুষ্ঠিত হবে। কিশোর -কিশোরী এবং তরুণদের একক অথবা দলগতভাবে অলিম্পিয়াডে অংশগ্রহণ করতে উৎসাহিত করা হচ্ছে।ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ - এ বিভিন্ন প্রতিযোগিতা, সেমিনার, কর্মশালা এবং প্রদর্শনী আয়োজন করা হবে। এখানে মোট ১৫ টি প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে, যার মধ্যে একটি হলো 'বিতর্ক প্রতিযোগিতা'। ০৬ থেকে ২৪ বছর বয়সী যেকোনো ব্যক্তি 'বিতর্ক প্রতিযোগিতা'-তে অংশগ্রহণ করতে পারবেন। 'বিতর্ক প্রতিযোগিতা'-এর নির্দেশিকা নিচে দেওয়া হলোঃ

## বিতর্ক প্রতিযোগিতা

'বিতর্ক প্রতিযোগিতা' ইন্টারন্যাশনাল নিউট্রিশন অলিম্পিয়াড ২০২৫ -এর একটি অংশ, যেখানে কিশোর - কিশোরী এবং তরুণরা পুষ্টি ও খাদ্য বিষয়ক বিভিন্ন সামাজিক এবং বৈজ্ঞানিক দৃষ্টিকোণ তুলে ধরে।এতে অংশগ্রহণকারীরা দলগতভাবে নির্ধারিত প্রতিপাদ্য বিষয়ে যুক্তি এবং প্রমাণ উপস্থাপন করবেন। প্রতিযোগিতার প্রাথমিক এবং চূড়ান্ত রাউন্ডে ভাষণ, যুক্তি এবং তথ্য বিশ্লেষণ দক্ষতা অনুযায়ী বিচার করা হবে।

**বয়স গ্রুপ:**

| গ্রুপ এ | গ্রুপ বি | গ্রুপ সি |
|---|---|---|
| ০৬-১০ | ১১-১৮ | ১৯-২৪ |

**প্রতিপাদ্য বিষয়:**

**গ্রুপ এ:** শিশুদের খাবারের পছন্দের ক্ষেত্রে অভিভাবককে সিদ্ধান্তের উপর বিজ্ঞাপনের ভূমিকা বেশি।

**গ্রুপ বি:** স্কুল ক্যান্টিনের খাবার কিশোর-কিশোরীদের জন্য পুষ্টি নিশ্চিত করতে পারে।

**গ্রুপ সি:** পরিবেশবান্ধব খাদ্য উৎপাদন, খাদ্য ব্যবস্থাকে ব্যয়বহুল করে তোলে।

চূড়ান্ত নির্বাচনে প্রতিপাদ্য বিষয় নির্বাচিত অংশগ্রহণকারীদের মূল ইভেন্টের এক সপ্তাহ আগে জানানো হবে।

**যোগ্যতা:**

- প্রতিযোগীদের INO ২০২৫ ওয়েবসাইটে(www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন ফরম পূরণ করতে হবে এবং রেজিস্ট্রেশন এর সময় 'বিতর্ক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।
- নির্ধারিত বয়সসীমার মধ্যে থাকা যে কোনো প্রতিযোগী এতে অংশগ্রহণ করতে পারবে।
- প্রতিযোগীরা শুধুমাত্র দলগতভাবে (সর্বোচ্চ ৩ জন) অংশ নিতে পারবেন।
- প্রতিযোগী বা অভিভাবক বা প্রতিষ্ঠান, ন্যূনতম আইটি সুবিধা (ফোন, ইমেইল,হোয়াটসঅ্যাপ, জুম একাউন্ট)থাকতে হবে।

INTERNATIONAL NUTRITION OLYMPIAD 2025

**রেজিস্ট্রেশন:**

সকল অংশগ্রহণকারীকে INO ২০২৫ এর নির্দিষ্ট ওয়েবসাইটে( www.nutritionolympiad.net) রেজিস্ট্রেশন করতে হবে। INO ২০২৫ ওয়েবসাইটের রেজিস্ট্রেশন লিংক ক্লিক করে 'বিতর্ক প্রতিযোগিতা' নির্বাচন করতে হবে।

**রেজিস্ট্রেশনের সময়সীমা:** মার্চ ৩১, ২০২৫ (রাত ১১টা ঢাকা সময়)

**জমা দেয়ার সময়সীমা:** এপ্রিল ০৬, ২০২৫ (রাত ১১টা, ঢাকা সময়)

**বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণের নির্দেশনাঃ**

**১. প্রতিযোগীর তথ্য:**

নাম, বয়স, পদবি, প্রতিষ্ঠান, ঠিকানা, যোগাযোগ নম্বর এবং ইমেল।

**২.ভাষা:** বাংলা অথবা ইংরেজি।

**৩.প্রতিযোগিতার লিংক:**

জেলা বা বিভাগীয় রাউন্ডের লিঙ্ক ইমেইল বা হোয়াটসঅ্যাপ গ্রুপের মাধ্যমে জানানো হবে।

**৪.জমা ও নির্বাচন প্রক্রিয়া:**

**প্রাথমিক নির্বাচন:**

- বিতর্ক প্রতিযোগিতা প্রাথমিক পর্যায়ে দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে।
- প্রতিযোগিতায় অংশ নিতে তিন সদস্যের একটি দল গঠন করতে হবে। দলটির সব সদস্যকে একই বয়স বিভাগের হতে হবে।
- প্রতিটি প্রতিযোগী নির্ধারিত সময়ের মধ্যে কথা বলবে দুটি দলের দলনেতা প্রতিক্রিয়া পর্বের জন্য ২ মিনিট সময় পাবেন।
- একটি প্রতিষ্ঠান থেকে শুধুমাত্র একটি দল প্রতিযোগিতায় অংশ নিতে পারবে যদি একটি স্কুল থেকে একাধিক দল আগ্রহী হয়, তবে স্কুলটি তাদের নিজস্ব প্রতিষ্ঠানে প্রতিযোগিতা আয়োজন করবে।প্রতিটি স্কুল একটি দল নির্বাচন করে ইমেইলের মাধ্যমে নাম জমা দেবে।
- প্রতিষ্ঠান ভিত্তিক নির্বাচিত এবং স্বতন্ত্র অংশগ্রহণকারীরা জুমের মাধ্যমে অনলাইনে প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।(অংশগ্রহণকারীদের সময়সূচী ইমেইলের মাধ্যমে জানানো হবে।)

**চূড়ান্ত নির্বাচন:**

- প্রাথমিক নির্বাচন থেকে প্রতিটি বয়স বিভাগের শীর্ষ ২টি দল INO ২০২৫ এর চূড়ান্ত নির্বাচনে অংশগ্রহণ করবে।

**সময়সূচি:**

| সময় | বর্ণনা |
|---|---|
| ১.৫ মিনিট | প্রথম বক্তার পরিচিতি এবং বক্তব্য। |
| ১.৫ মিনিট | দ্বিতীয় বক্তার পরিচিতি এবং বক্তব্য। |
| ১.৫ মিনিট | তৃতীয় বক্তার পরিচিতি এবং বক্তব্য। |
| ১.০ মিনিট | প্রতিক্রিয়া প্রস্তুতির সময়। |
| ২.০ মিনিট | দলনেতার যুক্তিখণ্ডন সময়। |

**স্কোর ক্রাইটেরিয়াঃ**

| ক্রম | বিষয় | নাম্বার |
|---|---|---|
| ০১ | উপস্থাপনা (উচ্চারণ ও টোন) | ১৫ |
| ০২ | যুক্তি | ২৫ |
| ০৩ | তথ্য ও উপাত্তের ব্যবহার | ২০ |
| ০৪ | বিষয়বস্তু | ২৫ |
| ০৫ | সমসাময়িক এবং বাস্তবসম্মত প্রমাণ | ১৫ |
| **মোট** | | **১০০** |

**বিশেষ দ্রষ্টব্য:**

- বিচারকদের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে। যেকোনো ধরনের অনৈতিক আচরণ করলে তাৎক্ষণিকভাবে অযোগ্য ঘোষণা করা হবে।
- প্রতিটি গ্রুপের সর্বোচ্চ স্কোর প্রাপ্ত দল বিজয়ী হিসেবে ঘোষিত হবে।
- প্রতিযোগিতার প্রাথমিক পর্যায়ে সার্বক্ষণিক সময় ক্যামেরা চালু রাখতে হবে।

**যোগাযোগ:**

বিতর্ক প্রতিযোগিতা সংক্রান্ত যেকোনো তথ্য বা প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

ফোন: +৮৮০১৭৮২৫১০০৮৯ অথবা ইমেইল: ino@biid.org.bd

**একজন অংশগ্রহণকারী বা একটি দল সর্বোচ্চ ৩ (তিন) টি প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।**